
হাইকোর্টে চিন্ময় কৃষ্ণ দাসের জামিন আবেদন খারিজ



চিন্ময় দাস। ছবি: সংগৃহীত

আইনজীবী সাইফুল ইসলাম আলিফ হত্যা মামলাসহ একাধিক মামলায় বাংলাদেশ সম্মিলিত সনাতনী জাগরণ জোটের মুখপাত্র চিন্ময় কৃষ্ণ দাসকে জামিন দেয়নি হাইকোর্ট।

রোববার (১০ মে) বিচারপতি কে এম জাহিদ সারওয়ার ও বিচারপতি শেখ আবু তাহেরের সমন্বয়ে গঠিত বেঞ্চ এ সিদ্ধান্ত দেন। একই সঙ্গে তার বিরুদ্ধে চলমান আরও চারটি মামলার জামিন বিষয়ে রায় ঘোষণার জন্য আগামীকাল সোমবার (১১ মে) দিন নির্ধারণ করা হয়েছে।

আদালতে চিন্ময়ের পক্ষে শুনানি করেন অ্যাডভোকেট অপূর্ব কুমার ভট্টাচার্য। রাষ্ট্রপক্ষে উপস্থিত ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল শায়লা শারমিন ও সহকারী অ্যাটর্নি জেনারেল মো. আলামিন।

LENS ASIA

এর আগে গত বছরের ১ সেপ্টেম্বর হত্যা ও অন্যান্য পাঁচ মামলায় তার জামিন প্রশ্নে রুল জারি করেছিল হাইকোর্ট। পরবর্তীতে ৭ মে শুনানি শেষে রায় ঘোষণার জন্য আজকের দিন ধার্য করা হয়।

মামলার নথি অনুযায়ী, জাতীয় পতাকা অবমাননার অভিযোগে ২০২৪ সালের ৩১ অক্টোবর চট্টগ্রামের চান্দগাঁও মোহরা ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক ফিরোজ খান কোতোয়ালি থানায় রাষ্ট্রদ্রোহের মামলা করেন। এতে চিন্ময় কৃষ্ণ দাসসহ মোট ১৯ জনকে আসামি করা হয়।

পরে ওই বছরের ২৫ নভেম্বর তাকে গ্রেপ্তার করা হয়। পরদিন আদালতে হাজির করলে বিচারক জামিন নামঞ্জুর করে কারাগারে পাঠানোর নির্দেশ দেন। এ সময় তার অনুসারীরা আদালত প্রাঙ্গণে বিক্ষোভ শুরু করে এবং তাকে কারাগারে নেওয়ার পথে বাধা সৃষ্টি করে। পরিস্থিতি উত্তপ্ত হয়ে উঠলে সংঘর্ষে আইনজীবী সাইফুল ইসলাম আলিফ নিহত হন। এ ঘটনায় পরে তার বাবা হত্যা মামলা দায়ের করেন।

এছাড়া পুলিশের ওপর হামলা, বিচার কাজে বাধা সৃষ্টি, আইনজীবী ও বিচারপ্রার্থীদের ওপর আক্রমণ এবং ককটেল বিস্ফোরণের অভিযোগে চিন্ময় কৃষ্ণ দাসের বিরুদ্ধে আরও চারটি পৃথক মামলা চলমান রয়েছে।